# বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
(৮৬, বিজয়নগর), ঢাকা-১০০০।
www.smfb.gov.bd

স্মারক নং বারাচিঅ/ ৯৫/২৪/ ৫৬৫ তারিখঃ 03 APR 2024

## বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নিয়ন্ত্রিত এমএলওপি অপথ্যালমিক এসিস্ট্যান্ট সার্টিফিকেট কোর্সের জানুয়ারি-২০২৪ইং এর চূড়ান্ত লিখিত পরীক্ষার ফরম ও ফি প্রেরণের তারিখ প্রদত্ত হইল।

| প্রতিষ্ঠনে ফরম পুরনের শেষ তারিখ | প্রতিষ্ঠানে পে-অর্ডার ক্রয় করার শেষ তারিখ | অনুষদে ফি ও ফরম পৌছানোর শেষ তারিখ |
|---|---|---|
| পরীক্ষার্থীদের জন্য ফরম পূরণের শেষ তারিখ ঃ ২২/০৪/২০২৪ইং | প্রতিষ্ঠানের পে-অর্ডার ক্রয়ের শেষ তারিখঃ ২৩/০৪/২০২৪ইং | অনুষদে বিলম্ব ফি ছাড়া ফরম পৌছানোর শেষ তারিখ ঃ ২৪/০৪/২০২৪ইং |
| পরীক্ষার্থীদের জন্য বিলম্ব ফি সহ প্রতিষ্ঠানে ফরম পূরণ করার শেষ তারিখঃ ২৩/০৪/২০২৪ইং | প্রতিষ্ঠানে পরীক্ষার্থীদের প্রতি ৫০০/-টাকা বিলম্ব ফি সহ ফরম পে-অর্ডার ক্রয় করার শেষ তারিখ ঃ ২৪/০৪/২০২৪ইং | অনুষদে বিলম্ব ফি সহ ফরম পৌছানেরা শেষ তারিখঃ ২৫/০৪/২০২৪ইং |

নিম্নে পরীক্ষা ফি প্রদত্ত হইল এবং পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত নির্দেশাবলী অবশ্যই অনুসরণ করিতে হইবে।

### চূড়ান্ত সার্টিফিকেট কোর্সের পরীক্ষার ফি তালিকা

| বিষয় | পরীক্ষার ফি | কেন্দ্র ফি | মার্কসীট ফি | ডিপ্লোম ফি | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| সকল বিষয় | ১০০০.০০ | ৩৫০.০০ | ৪০০.০০ | ৭০০.০০ | ২৪৫০.০০ |
| ২ বিষয় | ৯৫০.০০ | ৩৫০.০০ | ৪০০.০০ | x | ১৭০০.০০ |
| ১ বিষয় | ৯০০.০০ | ৩৫০.০০ | ৪০০.০০ | x | ১৬৫০.০০ |

**বি: দ্রঃ চূড়ান্ত পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের বর্ধিত ডিপ্লোমা ফি বাবদ ১০০/- ( একশত) টাকা প্রদান করিতে হইবে।**

**নির্দেশাবলী ঃ**

১. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় খরচ সংকুলানের জন্য ছাত্র প্রতি কেন্দ্র ফি এর ৩৫০ (তিনশত পঞ্চাশ ) টাকা হইতে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য ১৭৫/- (এক শত পচাত্তর) টাকা কর্তন করিয়া অবশিষ্ট ১৭৫/- (এক শত পচাত্তর) টাকা লিখিত পরীক্ষার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের নিকট পাঠাইতে হইবে।

২. অনুষদে পরীক্ষা ফি এর জন্য ১টি ব্যাংক ড্রাফট, মার্কশীট ফি এর জন্য ১টি ব্যাংক ড্রাফট, ডিপ্লোমা ফি এর জন্য ১টি ব্যাংক ড্রাফট ফরমের সহিত পরীক্ষার্থীদের নামের তালিকাসহ নির্ধারিত তারিখের মধ্যে অনুষদে পৌছাইতে হইবে। **প্রত্যেক পরীক্ষার্থীর পূর্ববর্তী পরীক্ষার মার্কশীটের ফটোকপি ও ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া পরীক্ষা ফরমের দুই পাশে ১টি করিয়া সংযুক্ত করিতে হইবে। নতুন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি পরীক্ষা ফরমের সাথে সংযুক্ত করিতে হইবে।**

৩. অনুষদের যে কোন ফি ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যম ছাড়া নগদ গৃহীত হইবে না।

৪. যে সকল ছাত্রের অনুষদের সিলেবাস ও আইন অনুযায়ী প্রশিক্ষণ পূর্ণ হইয়াছে কেবলমাত্র তাহারা এবং যাহারা অনুষদের পূর্বের পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অকৃতকার্য হইয়াছে এবং অনুষদের আইন অনুযায়ী পরীক্ষা দেওয়ার যোগ্য তাহারাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

৫. নূতন পরীক্ষার্থীগণ সকল পেপারে এবং অকৃতকার্য পরীক্ষার্থীগণ যে সকল পেপারে অনুষদের পূর্বের অনুষ্ঠিত পরীক্ষায় অকৃতকার্য হইয়াছে এবং অনুষদের আইন অনুযায়ী পরীক্ষা দেওয়ার যোগ্য শুধুমাত্র সেই সকল পেপারে পরীক্ষা দিতে পারিবে।

৬. যাহারা ইতোপূর্বে পরীক্ষায় ডিপেণ্ডামা ফি দাখিল করিয়াছেন কিন্তু অকৃতকার্য হইয়াছেন তাহাদের ডিপেণ্ডামা ফি পুনরায় দিতে হইবে না। অকৃতকার্যতার কারণে যদি ইতোমধ্যে ডিপেণ্ডামা ফি বর্ধিত হইয়া থাকে তাহা হইলে পরীক্ষার্থীকে বর্ধিত ফি অবশ্যই দিতে হইবে।

৭. প্রকাশ থাকে যে, পরীক্ষার ফরম অতি সতর্কতার সহিত পরীক্ষা করিয়া নির্ভুলভাবে অনুষদে পাঠাইতে হইবে। **ফরম পূরণে কোন প্রকার ভুল ধরা পড়িলে উহা সরাসরি বাতিল করা হইবে** এবং উক্ত ব্যাপারে আলাদা কোন চিঠি দেওয়া হইবে না এবং পরীক্ষার ফি ও ফরম ফেরৎ দেওয়া হইবে না এবং পরবর্তী পরীক্ষার জন্য ও উহা জমা রাখা হইবে না।

৮. অনুষদের আইন অনুযায়ী পরীক্ষার্থীদের কোন নিকট আত্মীয় পরীক্ষক হিসাবে নিযুক্ত হইতে পারিবেন না।

৯. আগামী ২২/০৪/২০২৪ইং তারিখের মধ্যে প্রত্যেক পেপারের জন্য একজন ইন্টারনাল ও একজন এক্সটারনাল এবং সমসংখ্যক রিজার্ভ (ইন্টারনাল ও এক্সটারনাল) পরীক্ষক ঠিক করিয়া উহার তালিকা অনুষদের সচিব বরাবর রেজিষ্ট্রি ডাকযোগে কিংবা স্বহস্তে পৌছাইতে হইবে। উক্ত পরীক্ষক তালিকাটির সফট কপি অনুষদের ই-মেইলে (email: smf.secy@gmail.com) প্রেরণ করিতে হইবে।

১০. পরীক্ষা পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করিতে হইবে এবং পরীক্ষা আরম্ভের পূর্বেই উক্ত কমিটির তালিকা অনুষদে প্রেরণ করিতে হইবে। প্রতি বিষয়ের লিখিত পরীক্ষার দিন প্রশ্নপত্রের প্যাকেট/ প্যাকেটসমূহ খোলার পূর্বে পরিচালনা কমিটির সদস্যগণকে প্রশ্নপত্রের প্যাকেট/ প্যাকেটসমূহে স্বাক্ষর করিতে হইবে।

অনুষদ নির্ধারিত পরীক্ষা কেন্দ্রঃ

(ক) আইএইচটি, ঢাকা কেন্দ্র ঃ ঢাকা, গাজীপুর, সাভার, মুন্সীগঞ্জ ও আশেপাশের সকল প্রতিষ্ঠান।
(খ) ম্যাটস, কুমিল্লা কেন্দ্র ঃ ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর ও কুমিল্লার সকল প্রতিষ্ঠান।
(গ) ময়মনসিংহ মেডিকেল কলেজ কেন্দ্রঃ নেত্রকোনা ও ময়মনসিংহের সকল প্রতিষ্ঠান।
(ঘ) ম্যাটস ফরিদপুর কেন্দ্র ঃ ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ ও আশে পাশের সকল প্রতিষ্ঠান।
(ঙ) আইএইচটি চট্টগ্রাম কেন্দ্র ঃ (ভেনুঃ উত্তর কাট্টলী আলহাজ্ব মোস্তফা হাকিম ডিগ্রী কলেজ, উত্তর কাট্টলী, আকবর শাহ, চট্টগ্রাম) খাগড়াছড়ি ও আশেপাশের সকল প্রতিষ্ঠান।
(চ) আইএইচটি রংপুর কেন্দ্র ঃ রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, নিলফামারী, ঠাকুরগাও, কুড়িগ্রাম, পঞ্চগড় ও আশেপাশের সকল প্রতিষ্ঠান।

১১. প্রতি বিষয়ের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হইবে। প্রতি বিষয়ের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা শেষে একই দিন পরীক্ষকগণ মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য ৩টি পৃথক সীলগালা ছোট খামের উপরে প্রাপকের স্থানে টেবুলেটর ১,টেবুলেটর ২, লিখিয়া ২টি সীলগোলা খাম (অনুষদ কর্তৃক সরবরাহকৃত) সভাপতি, গভনিংবডি বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ লেখা বড় খামে এবং নম্বর পত্রের ৩য় সীলগোলা ছোট খামে (অনুষদ কর্তৃক সরবরাহকৃত) সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ বরাবরে প্রেরণের জন্য অধ্যক্ষের নিকট জমা দিবেন।

১২. অধ্যক্ষ প্রতি বিষয়ের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার অনধিক ৩(তিন) দিনের মধ্যে নম্বরপত্রের প্যাকেট অনুষদে প্রেরণ করিবেন। সকল পরীক্ষক অধ্যক্ষ/ কেন্দ্র প্রধানের নিকট দায়ী থাকিবেন।

১৩. এমএলওপি রিফ্রাকশনিষ্ট ও এমএলওপি অপথ্যালমিক এসিস্ট্যান্ট সার্টিফিকেট কোর্সের অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা **(বিষয় ভিত্তিক) সংযুক্ত নমুনা ছক অনুযায়ী সঠিকভাবে পূরণ করিয়া পরীক্ষার ফরমের সাথে অত্র অনুষদে অবশ্যই প্রেরণ করিতে হইবে।** পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্র প্রেরণ করা হইবে।

03/04/2024

(ডাঃ মোঃ জাহিদুর রহমান)
সচিব
বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ
ই-মেইল : smf.secy@gmail.com
ফোনঃ ২২৩৩৮৪০৪৯

স্মারক নং বা রা চি অ/১৬/২৪/৫৩৫ (      )

তারিখঃ ০৩/০৪/২০২৪ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১. অধ্যক্ষ, ইসলামিয়া চক্ষু হাসপাতাল, ফার্মগেট, ঢাকা।
২. অধ্যক্ষ, বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি, শংকরপুর, বিশ্বরোড, কুমিল্লা।
৩. অধ্যক্ষ, ময়মনসিংহ বিএনএসবি ইনষ্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি, ১৯৩, সিহোরা ধোপাখোলা রোড, ময়মনসিংহ।
৪. অধ্যক্ষ, কুমুদিনি ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি, মির্জাপুর, টাংগাইল।
৫. দ্বীপ ইনিস্টিটিউট অব কমিউনিটি অপথালমোলজি, দর্শনা, রংপুর।
৬. চট্টগ্রাম লায়ন্স আই ইনস্টিটিউট এন্ড হসপিতাল, জাকির হোসেন রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
৭. শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হসপিতাল ও প্রশিক্ষন প্রতিষ্ঠান, গোপালগঞ্জ।

**বিঃদ্রঃ পরীক্ষার দরখাস্ত ফরম এতদসহ প্রেরণ করা হইল।**

ক) MLOP অপথ্যালমিক এসিস্ট্যান্ট সার্টিফিকেট কোর্স চূড়ান্ত পরীক্ষার ফরম=